ভোরের কাগজ

তারিখ JUL 28 1999
পৃষ্ঠা ১ কলাম ৮

213

গণবিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের অবরোধ

# ঢাকা-আরিচা মহাসড়ক বন্ধ, ভোগান্তি

সাভার প্রতিনিধি : থানার নয়ারহাটে, গণবিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা উপাচার্য, উপউপাচার্য ও ডিনদের নিয়োগসহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে রাখলে সেখানে গতকাল সন্ধ্যা সাড়ে ৬টা থেকে বিশাল যানজটের সৃষ্টি হয়। রাত ১০টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত অবরোধ চলছিল।

বাসস জানায়, দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনরত ছাত্ররা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংক্ষিপ্ত সংঘর্ষ শেষে মহাসড়কে অবরোধ সৃষ্টি করে। এদিকে নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী টেলিফোনে জানায়, ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করার পর কর্তৃপক্ষ বিনা নোটিশে ছাত্রছাত্রীদের হল ছাড়তে বাধ্য করেছে। ছাত্রীটি জানায়, গত ২ সপ্তাহ ধরে দাবি-দাওয়ার উত্থাপন করা

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## ঢাকা-আরিচা

● প্রথম পাতার পর

হলেও কর্তৃপক্ষ সেদিকে কোন নজর দেয়নি। ছাত্রছাত্রীদের অন্যান্য দাবির মধ্যে রয়েছে মানসম্পন্ন শিক্ষক নিয়োগ ও ছাঁটাইকৃত শিক্ষকদের পুনর্বহাল করা।

এদিকে আমাদের ধামরাই প্রতিনিধি জানিয়েছেন, সন্ধ্যা থেকে সড়ক অবরোধের ফলে সাভার থেকে ধামরাই তুলিভাটা পর্যন্ত দীর্ঘ ৮/১০ কি. মি. যানজটের সৃষ্টি হয়েছে। দীর্ঘ যানজটের কারণে যাত্রীদের দুর্ভোগ চরমে পৌঁছেছে।

বার্তা সংস্থা ইউএনবি জানায়, এর আগে সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ছাত্রছাত্রীরা গণবিশ্ববিদ্যালয়ের প্রবেশ পথে অবস্থান ধর্মঘট করে। বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক ড. জাফরুল্লাহ চৌধুরীর সঙ্গে ছাত্রছাত্রীদের একটি নির্ধারিত বৈঠক হয়নি।

মানিকগঞ্জ প্রতিনিধি জানান, কয়েকদিন ধরে বিভিন্ন দাবিদাওয়া আদায়ের লক্ষ্যে ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পোস্টারিং করে। ডা. জাফরুল্লাহ গতকাল বিশ্ববিদ্যালয়ে গিয়ে লোকজন দিয়ে পোস্টার অপসারণ করান এবং বিক্ষুব্ধ ছাত্রদের ক্যাম্পাস থেকে বের করে দেন। পরে সন্ধ্যা সাড়ে ৬টা থেকে বিক্ষুব্ধ ছাত্ররা ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নিলে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। রাত ১০টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত সড়ক অবরোধ অব্যাহত ছিল। এ সময় দীর্ঘ গাড়ির বহর সড়কে অবস্থান করছিল।